সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র(৫ম খন্ড)/২০১৯/৩৪৮ তারিখঃ ০৭ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ / ২১ জানুয়ারি, ২০২৩ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

**বিষয়: বিএসইসি, বিএএসএম এবং সিএমএসএফ এর যৌথ উদ্যোগে সিলেট জেলাতে 'বিনিয়োগ শিক্ষা কনফারেন্স ২০২৩'।**

'বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন(বিএসইসি)', 'বাংলাদেশ একাডেমি ফর সিকিউরিটিজ মার্কেটস(বিএএসএম)' এবং 'ক্যাপিটাল মার্কেট স্ট্যাবিলাইজেশন ফান্ড(সিএমএসএফ)' এর যৌথ উদ্যোগে জেলাপর্যায়ে দেশব্যাপী বিনিয়োগ শিক্ষা কার্যক্রমের অংশ হিসেবে সিলেট জেলাতে আয়োজিত হয় 'বিনিয়োগ শিক্ষা কনফারেন্স ২০২৩'। আজ ২১ জানুয়ারি, ২০২৩ তারিখ শনিবার সকাল ১০:৩০ ঘটিকায় সিলেট শহরের এমসি কলেজ রোডে অবস্থিত আমান উল্লাহ কনভেনশন সেন্টারে অনুষ্ঠানটি শুরু হয়।

কনফারেন্সের প্রথম অধিবেশনে স্বাগত বক্তব্য রাখেন বিএসইসি'র কমিশনার ড. শেখ শামসুদ্দিন আহমেদ। তিনি কনফারেন্সে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বলেন, "সিলেটবাসীকে আন্তরিক অভিনন্দন।" তিনি বিনিয়োগ সম্পর্কে জ্ঞানার্জনের প্রয়োজনীয়তার কথা উল্লেখ করে বিনিয়োগকারীদের বলেন, "সচেতনতার সাথে বিনিয়োগ করতে হবে। এজন্যই মাননীয় প্রধানমন্ত্রী ২০১৭ সালে বিনিয়োগ শিক্ষা কার্যক্রম শুরু করেছিলেন। বিনিয়োগ শিক্ষাকে সকলের কাছে পৌছে দিতে কাজ করছে বাংলাদেশ একাডেমি ফর সিকিউরিটিজ মার্কেটস(বিএএসএম), বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট(বিআইসিএম) এবং বিএসইসি'র ফিনানশিয়াল লিটারেসি বিভাগ"। তিনি সংক্ষিপ্ত প্রেজেন্টেশনের মাধ্যমে বাংলাদেশের পঞ্চাশ বছরের অর্জনের বাস্তব চিত্র, দারিদ্র্যের হার হ্রাস, নারীদের অর্থনৈতিক কর্মকান্ডে অংশগ্রহণ বৃদ্ধি, গড় আয়ু বৃদ্ধি ইত্যাদি তুলে ধরেন। তিনি আইএমএফ এর পরিসংখ্যান তুলে ধরে বলেন, বাংলাদেশ অনেক ভাল অবস্থায় আছে। তিনি আরো বলেন, অর্থনৈতিক অগ্রগতি চলমান রাখতে বিনিয়োগ বৃদ্ধি করতে হবে। প্রবাসীদের দেশের পুঁজিবাজারে বিনিয়োগ করার সুযোগ নিটা(NITA) অ্যাকাউন্টের মাধ্যমে সহজতর করা হয়েছে বলে জানান তিনি।

এরপর 'স্মার্ট অ্যান্ড ইন্টেলিজেন্ট ইনভেস্টর' শীর্ষক প্রবন্ধ উপস্থাপন করেন বিএসইসি'র নির্বাহী পরিচালক জনাব মোহাম্মদ রেজাউল করিম। বিনিয়োগকারীরা কিভাবে স্মার্ট ও ইন্টেলিজেন্ট ইনভেস্টর হতে পারেন তা আলোচনা করেন তিনি। বিনিয়োগ করে সর্বোচ্চ বেনিফিট অর্জনের এর মাধ্যমে সম্পদমূল্য বৃদ্ধি ও জীবনমান উন্নয়ন করার পরামর্শ দেন তিনি। একমাত্র পুঁজিবাজারের বিনিয়োগের মাধ্যমেই মূল্যস্ফীতিকে এড়িয়ে লাভ করা সম্ভব বলে তিনি জানান। তিনি সঠিক অর্থনৈতিক পরিকল্পনার মাধ্যমে বিনিয়োগের ঝুকি ও রির্টান বিবেচনায় নিয়ে এবং বাজার সম্পর্কে ধারণা নিয়ে বিচার-বিশ্লেষণ করে কিভাবে বিনিয়োগ সিদ্ধান্ত নেয়া উচিত সেবিষয়ে বিস্তারিত আলোচনা করেন।

প্রথম অধিবেশনের প্রবন্ধ উপস্থাপনার পর বিএসইসি'র নির্বাহী পরিচালক মোঃ সাইফুর রহমানের সঞ্চালনায় একটি প্যানেল আলোচনা অনুষ্ঠিত হয়। প্যানেল আলোচনায় অংশগ্রহণ করেন বিএএসএম এর মহাপরিচালক ড. তৌফিক আহমেদ চৌধুরী, ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড এর পরিচালক জনাব মোঃ শাকিল রিজভী, বাংলাদেশ মার্চেন্ট ব্যাংকার্স অ্যাসোসিয়েশনের প্রেসিডেন্ট জনাব মোঃ ছায়েদুর রহমান এবং চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ পিএলসি

এর পরিচালক জনাব মোঃ সিদ্দিকুর রহমান। প্যানেল আলোচনা শেষে বিনিয়োগকারীদের প্রশ্নের উত্তর দেন প্যানেল আলোচকবৃন্দ।

কনফারেন্স অনুষ্ঠানে বিশেষ অতিথি'র বক্তব্য রাখেন ক্যাপিটাল মার্কেট স্ট্যাবিলাইজেশন ফান্ড(সিএমএসএফ) এর চেয়ারম্যান ও মাননীয় প্রধানমন্ত্রীর সাবেক মুখ্য সচিব জনাব মোঃ নজিবুর রহমান। তিনি বাংলাদেশের পুঁজিবাজারে বিনিয়োগকারী বান্ধব পরিবেশ তৈরি করার জন্য বিএসইসি'র চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম প্রশংসা করেন। তিনি বিনিয়োগ শিক্ষা কার্যক্রম পরিচালনার জন্য এবং এতে ক্যাপিটাল মার্কেট স্ট্যাবিলাইজেশন ফান্ড(সিএমএসএফ)কে সম্পৃক্ত করার জন্য বিএসইসিকে ধন্যবাদ জানান। তিনি বিনিয়োগকারীদের আশ্বস্ত করে বলেন, "আমরা বিনিয়োগকারীদের জন্য সুরক্ষা বলয় তৈরি করতে কাজ করে চলেছি। বিনিয়োগকারীদের আরো সুরক্ষা দিতে সাধারণ বীমা কর্পোরেশনের সাথে কাজ করছি আমরা।"

এছাড়াও উক্ত অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে আরো বক্তব্য রাখেন দি সিলেট চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র সভাপতি জনাব তাহমিন আহমদ এবং শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ।

'বিনিয়োগ শিক্ষা কনফারেন্স, সিলেট' এর প্রধান অতিথি'র বক্তব্য রাখেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব ইমরান আহমেদ। তিনি বলেন, "প্রবাসীদের মাধ্যমে দীর্ঘকাল ধরেই সিলেটে অর্থ বা ফান্ড এসেছে। কিন্তু তা উৎপাদনশীল ক্ষেত্রে ব্যবহৃত হয়নি।" তিনি সবাইকে অন্তর্ভুক্ত করে বিনিয়োগ শিক্ষার কনফারেন্সের মত আলোচনা ও শিক্ষা কার্যক্রম করার জন্য সংশ্লিষ্টদের আহ্বান জানান এবং এভাবে আলোচনার সুযোগ বাড়ানো গেলে পুঁজিবাজারের অনেক সমস্যার সমাধান করা যাবে বলে মন্তব্য করেন। তিনি মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও তার সরকারের প্রশংসা করে বলেন, "মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকার যেমন বিনিয়োগবান্ধব, এমন সরকার আর কখনো এদেশে আসেনি।" তিনি বিনিয়োগকারীদের বিনিয়োগ সম্পর্কে জানতে এবং সচেতন হওয়ার উপদেশ দেন।

কনফারেন্স অনুষ্ঠানের সভাপতি হিসেবে বক্তব্য রাখেন বিএসইসি'র চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম। তিনি কমিশনের পক্ষ থেকে উপস্থিত সকলকে শুভেচ্ছা ও সালাম জানান। তিনি নারী বিনিয়োগকারীদের উৎসাহ দিয়ে বলেন, নারীরা দেশের সবচেয়ে ভালো বিনিয়োগকারী হতে পারেন। তিনি আরো বলেন, "মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার বক্তব্য শুনলেই বোঝা যায় দেশের অর্থনৈতিক উন্নয়ন হয়েছে। একটা সময় আমরা প্যারিস কনসোর্টিয়ামে গিয়ে অর্থ সাহায্য আনতাম। এখন আমরা খাদ্যে স্বয়ংসম্পূর্ণ। করোনা মহামারীর মতো

কঠিন সময়েও আমরা অভাবনীয় প্রবৃদ্ধি করেছি। বর্তমানে আমরা ৪১তম বৃহৎ অর্থনীতির দেশ এবং আগামীতে আরো এগিয়ে যেতে কাজ করছি।" তিনি শিক্ষার প্রয়োজনীয়তার কথা বলেন এবং বিএসইসি বিনিয়োগকারী, বাজারমধ্যস্থতাকারী এবং প্রফেশনালদের জন্য নিয়মিত প্রশিক্ষণ আয়োজন করে আসছে বলে জানান। এছাড়াও তিনি বলেন, "আমরা পুঁজিবাজারে নতুন নতুন প্রোডাক্ট নিয়ে এসেছি। ফলে বিনিয়োগকারীরা বিনিয়োগের ক্ষেত্রে

অনেক বিকল্প পাচ্ছেন। আমরা পুঁজিবাজারকে পূর্ণাঙ্গ রূপ দিচ্ছি।" তিনি দেশকে উন্নয়নের পথে এগিয়ে নিতে বিনিয়োগকারীদের বিনিয়োগে জন্য অনুরোধ করেন এবং ক্ষুদ্র ক্ষুদ্র বিনিয়োগই শিল্পায়নের মাধ্যমে কর্মসংস্থান ঘটিয়ে দেশের উন্নতি ঘটাতে সহায়তা করবে বলে ব্যাখ্যা করেন।

'বিনিয়োগ শিক্ষা কনফারেন্স ২০২৩' এর নারী বিনিয়োগকারীদের জন্য বিশেষায়িত দ্বিতীয় অধিবেশন শুরু হয় দুপুর ০৩:০০ ঘটিকায়। দ্বিতীয় অধিবেশনে স্বাগত বক্তব্য রাখেন সিলেট উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র সভাপতি মিজ স্বর্ণলতা রায়। এরপর বিনিয়োগ ধারণা বিষয়ে বক্তব্য রাখেন শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় প্রশাসন বিভাগের সহযোগী অধ্যাপক ড. তাসমিনা চৌধুরী তানিয়া।

বিএসইসি'র কমিশনার ড. রুমানা ইসলামের সঞ্চালনায় দ্বিতীয় অধিবেশনের প্যানেল আলোচনায় অংশগ্রহণ করেন ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড এর চেয়ারম্যান জনাব মোঃ ইউনুসুর রহমান, অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের যুগ্মসচিব ড. নাহিদ হোসেন, একুশে টিভির সিনিয়র নিউজ প্রেজেন্টার সোনিয়া স্নিগ্ধা এবং ইন্টারন্যাশনাল সিকিউরিটিজ কোম্পানী লিঃ এর ব্যবস্থাপনা পরিচালক জনাব ফয়েজ হাসান ফেরদৌস। আলোচকবৃন্দ বাংলাদেশে নারী বিনিয়োগকারীদের সম্ভাবনা, নারীদের সঞ্চয়কে বিনিয়োগে পরিণত করার সামর্থ, দেশের জন্য নারীদের অংশগ্রহণ বৃদ্ধির ইতিবাচক প্রভাবসহ বিনিয়োগে নারীদের অংশগ্রহণের প্রয়োজনীয়তার বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। প্যানেল আলোচনা শেষে বিনিয়োগকারীদের প্রশ্নের উত্তর দেন প্যানেল আলোচকবৃন্দ।

এরপর কনফারেন্সের সমাপনী বক্তব্য রাখেন বিএসইসি'র কমিশনার ড. শেখ শামসুদ্দিন আহমেদ। তিনি বলেন "এটাই প্রথম বিনিয়োগ শিক্ষা কনফারেন্সের কোন অনুষ্ঠান যেখোনে নারীদের জন্য বিশেষায়িত আলোচনা ও অধিবেশন রয়েছে। বাংলাদেশে প্রধানমন্ত্রী, স্পিকারসহ অনেক গুরুত্বপূর্ণ পদে নারীরা আছেন। পুঁজিবাজারে নারীদের ভূমিকা দেখা যাচ্ছে না। আমরা চাই নারীরা পুঁজিবাজারে অংশগ্রহণ করবেন এবং অর্থনৈতিক উন্নয়নে ভূমিকা রাখবে। আমরা বিও অ্যাকাউন্টে নারী বিনিয়োগকারীদের জন্য দশ শতাংশ ছাড়ের সুযোগ তৈরি করছি যা শীঘ্রই বাস্তবায়িত হবে।" তিনি নারী বিনিয়োগকারীদের জন্য বিএসইসি'র বিশেষায়িত প্রশিক্ষণের কথা বলেন। তিনি অনুষ্ঠানের সাথে সম্পৃক্ত সকলকে ধন্যবাদ জানান এবং কনফারেন্সের সমাপ্তি ঘোষণা করেন।

উল্লেখ্য, 'বিনিয়োগ শিক্ষা কনফারেন্স ২০২২' অনুষ্ঠানটি বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন(বিএসইসি)-এর অফিসিয়াল ফেসবুক পেইজে লাইভ সম্প্রচারিত হয়। এছাড়াও কনফারেন্স অনুষ্ঠানের পাশাপাশি একই স্থানে সকাল ১০:০০ টা থেকে বিকাল ৫:০০ টা পর্যন্ত একটি বিনিয়োগ শিক্ষা মেলা অনুষ্ঠিত হয়।

মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র


CMSF
Search
BUSINESS
2.9%
98%
2021
1971
দেশব্যাপী
বিনিয়োগ শিক্ষা


সচেতন বিনিয়োগ সমৃদ্ধ আগামী
Search
BUSINESS
আত্মনির্ভরশীলতাই আমাদের লক্ষ্য।
দেশব্যাপী
বিনিয়োগ শিক্ষা
কার্যক্রম
বিনিয়োগ শিক্ষা কনফারেন্স
সিলেট


দেশব্যাপী
বিনিয়োগ শিক্ষা
কার্যক্রম
বিনিয়োগ শিক্ষা কনফারেন্স
সিলেট
CMSF


সচেতন বিনিয়োগ সমৃদ্ধ আগামী
দেশব্যাপী
বিনিয়োগ শিক্ষা
কার্যক্রম
বিনিয়োগ শিক্ষা কনফারেন্স
সিলেট
CMSF


সচেতন বিনিয়োগ সমৃদ্ধ আগামী
CMSF
বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
দেশব্যাপী বিনিয়োগ শিক্ষা কার্যক্রম
বিনিয়োগ শিক্ষা কনফারেন্স, সিলেট
প্রধান অতিথি
জনাব ইমরান আহমদ, এমপি
মাননীয় মন্ত্রী, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সভাপতি
অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম
চেয়ারম্যান, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
শনিবার, ২১ জানুয়ারি ২০২৩
আমান উল্লাহ কনভেনশন সেন্টার, আরামবাগ পয়েন্ট, এম সি কলেজ রোড, সিলেট
BUSINESS

